

# শায়েস্তাগঞ্জ পৌরসভা কার্যালয়

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- শা.পৌ./প্রশা./হা.বা.-১৪৩৩বাংলা-২০২৬/২২০

তারিখঃ ২৮-০১-২০২৬খ্রি.

**১৪৩৩ বাংলা সনের জন্য হাট বাজার ও বিভিন্ন গাড়ী থেকে পণ্য উঠানামার ক্ষেত্রে টোল আদায়**

**ইজারার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি :**

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জমি মন্ত্রণালয় এর ০৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৯৯-আইন/২০২৫ এর হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা- ২০২৫ মোতাবেক শায়েস্তাগঞ্জ পৌরসভাধীন নিম্নবর্ণিত হাটবাজার সমূহ ও শায়েস্তাগঞ্জ পৌরসভা এলাকায় চলাচলকারী বিভিন্ন গাড়ীতে (পিকআপ, ম্যাক্সি, জীপ, ট্রাক, ট্রাক্টর ইত্যাদি) পণ্য উঠানামার ক্ষেত্রে টোল আদায় ১৪৩৩বাংলা সনের (১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র) জন্য ইজারা প্রদানের নিমিত্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

-ঃ হাট বাজার ও বিভিন্ন গাড়ী থেকে পণ্য উঠানামার ক্ষেত্রে টোল আদায় এর বিবরণ :-

ক্র.নং	হাট বাজারের নাম	সরকারী ইজারা মূল্য	দরপত্রের সাথে অগ্রিম প্রদান	সিডিউল ফরমের মূল্য (অফেরৎ যোগ্য)
১	শায়েস্তাগঞ্জ আলীগঞ্জ বাজার	৭,৪৩,৫০০/-	দাখিলকৃত দরের ১০০% (শতকরা একশত ভাগ)	২,২০০/-
২	শায়েস্তাগঞ্জ দাউদনগর বাজার	৯,২৭,৪৯৪/-	দাখিলকৃত দরের ১০০% (শতকরা একশত ভাগ)	২,৬০০/-
৩	শায়েস্তাগঞ্জ পুরাণ বাজার	৫,৮৮,১৬৭/-	দাখিলকৃত দরের ১০০% (শতকরা একশত ভাগ)	১,৮০০/-
৪	শায়েস্তাগঞ্জ পশুর হাট	২১,২৯,৬৬৭/-	দাখিলকৃত দরের ১০০% (শতকরা একশত ভাগ)	৫,০০০/-
৫	বিভিন্ন গাড়ী থেকে পণ্য উঠানামার ক্ষেত্রে টোল আদায়।	৮,৩৭,৬৬৭/-	দাখিলকৃত দরের ১০০% (শতকরা একশত ভাগ)	২,৪০০/-

-ঃ দরপত্র ফরম বিক্রয় ও দাখিলের সময়সূচী :-


বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	২৪/০২/২০২৬খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	২৫/০২/২০২৬খ্রি. তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত।	২৫/০২/২০২৬খ্রি. বেলা ৩:০০ ঘটিকা।	উল্লিখিত তারিখ (পঞ্জিকা) অনুযায়ী প্রয়োজনবোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে তবে যে পর্যায়ে দরপত্র গৃহীত ও অনুমোদিত হইবে পঞ্জিকা অনুযায়ী পরবর্তী পর্যায়ের দরপত্র বিক্রয় ও গ্রহন স্বয়ংক্রিয়ভাবে স্থগিত বলে গণ্য হবে।
২য় পর্যায়	১০/০৩/২০২৬খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১১/০৩/২০২৬খ্রি. তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত।	১১/০৩/২০২৬খ্রি. বেলা ৩:০০ ঘটিকা।	
৩য় পর্যায়	২৯/০৩/২০২৬খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	৩০/০৩/২০২৬খ্রি. তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত।	৩০/০৩/২০২৬খ্রি. বেলা ৩:০০ ঘটিকা।	

অফিস চলাকালীন সময়ে প্রতিদিন (সরকারি ছুটি ব্যতিত) (১) শায়েস্তাগঞ্জ পৌরসভা কার্যালয় (২) জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ (৩) পুলিশ সুপারের কার্যালয়, হবিগঞ্জ (৪) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শায়েস্তাগঞ্জ (৫) উপজেলা ভূমি অফিস, শায়েস্তাগঞ্জ (৬) সোনালী ব্যাংক, শায়েস্তাগঞ্জ শাখা হতে দরপত্র ক্রয় করা যাবে। যথাযথভাবে পূরণকৃত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ে (১) শায়েস্তাগঞ্জ পৌরসভা কার্যালয় (২) জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ (৩) পুলিশ সুপার এর কার্যালয়, হবিগঞ্জ (৪) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শায়েস্তাগঞ্জ (৫) উপজেলা ভূমি অফিস, শায়েস্তাগঞ্জ- এ রক্ষিত দরপত্র বাস্তব নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহন করা হবে।

দরপত্রসমূহ নির্ধারিত নগদ মূল্যে অথবা পে-অর্ডারের মাধ্যমে (অফেরৎযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। তবে এই বিষয়ে এক পর্যায়ের ক্রয় করা দরপত্র অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না। যদি কোন কারণে দরপত্র ক্রয়-বিক্রয়ের তারিখ পরিবর্তন হয় সে ক্ষেত্রে পূর্বের ক্রয়কৃত দরপত্র বলবৎ থাকবে। যে পর্যায়ের দাখিলকৃত দরপত্র গৃহীত ও অনুমোদিত হবে পরবর্তী পর্যায়ের দরপত্র বিক্রয় ও গ্রহন স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে।

“শর্তাবলী”

- বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে হাট-বাজারসমূহ এক পৌর এলাকায় বিভিন্ন গাড়ী থেকে পণ্য উঠানামার ক্ষেত্রে টোল আদায়ের নিমিত্তে ইজারা দেওয়া হবে।
- দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ১০০% (শতকরা একশত ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, শায়েস্তাগঞ্জ পৌরসভার অনুকূলে জমা দিতে হবে।
- যাহার দরপত্র গৃহীত হবে, পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ৫% জামানত, ১৫% ভ্যাট, ১০% আয়কর পৃথক পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত অর্থ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত বিধায় বিস্তারিত তথ্যের জন্য পৌরসভার প্রশাসন বিভাগে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।
- যে কোন দরপত্র বা সমুদয় দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



মোঃ নাহিদ হোসেন

প্রশাসক

শায়েস্তাগঞ্জ পৌরসভা ও

উপজেলা নির্বাহী অফিসার

শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।